

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/২৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নম্বর ৩০৮-আইন/২০২১।—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫২ নং আইন) এর ধারা ২১, ধারা ১৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট তহবিল বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) “আইন” অর্থ কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫২ নং আইন);

(খ) “তহবিল” অর্থ আইনের ধারা ২ এর দফা (ঘ) এ উল্লিখিত তহবিল; এবং

(গ) “ব্যবস্থাপনা পরিচালক” অর্থ আইনের ধারা ২ এর দফা (ছ) এ উল্লিখিত ব্যবস্থাপনা পরিচালক।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(১৪৬২৭)

মূল্য : টাকা ৪.০০

৩। স্থায়ী তহবিলের অর্থ ব্যয়ের খাত, তহবিল পরিচালনা, ইত্যাদি।—(১) আইনের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ট্রাস্টি বোর্ডের অনুমোদন সাপেক্ষে আইনের ধারা ১৪ এর উপ-ধারা (১) এর দফা (ক) এ উল্লিখিত স্থায়ী তহবিলের অর্থ নিম্নবর্ণিত উদ্দেশ্যে ব্যয় করা যাইবে, যথা :—

- (ক) গ্রামীণ জনগোষ্ঠীকে সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান এবং উক্তরূপ স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রমে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ সংক্রান্ত ব্যয়; এবং
- (খ) কমিউনিটি ক্লিনিকের সহিত ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা পর্যায়ের হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল এবং মেডিকেল কলেজ ও হাসপাতালের মধ্যে একটি কার্যকর রেফারেল পদ্ধতি প্রতিষ্ঠা সংক্রান্ত ব্যয়।

(২) আইনের ধারা ১৪ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী স্থায়ী তহবিলের অর্থ কোনো তপশিলি ব্যাংকে জমা রাখিতে হইবে এবং ব্যাংকের হিসাব ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে পরিচালিত হইবে।

৪। চলতি তহবিলের অর্থ ব্যয়ের খাত, তহবিল পরিচালনা, ইত্যাদি।—(১) আইনের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে ট্রাস্টি বোর্ডের অনুমোদন সাপেক্ষে আইনের ধারা ১৪ এর উপ-ধারা (১) এর দফা (খ) এ উল্লিখিত চলতি তহবিলের অর্থ নিম্নবর্ণিত এক বা একাধিক উদ্দেশ্যে ব্যয় করা যাইবে, যথা :—

- (ক) ট্রাস্টের কর্মচারীদের বেতন-ভাতাদি সংক্রান্ত ব্যয়;
- (খ) ট্রাস্টি বোর্ডের সভায় অংশগ্রহণকারী সদস্যগণের সম্মানি সংক্রান্ত ব্যয়;
- (গ) সেবা ও সরবরাহ সংক্রান্ত ব্যয়;
- (ঘ) মেরামত ও সংরক্ষণ সংক্রান্ত ব্যয়;
- (ঙ) সম্পদ সংগ্রহ ও ক্রয় সংক্রান্ত ব্যয়; এবং
- (চ) নির্মাণ ও পূর্ত সংক্রান্ত ব্যয়।

(২) চলতি তহবিলের অর্থ কোনো তপশিলি ব্যাংকে জমা রাখিতে হইবে এবং উক্ত হিসাব ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে পরিচালিত হইবে।

৫। স্থানীয় চলতি তহবিলের হিসাব পরিচালনা।—(১) আইনের ধারা ১৪ এর উপ-ধারা (৬) এর বিধান অনুযায়ী স্থানীয় পর্যায়ে সংগৃহীত অর্থ কমিউনিটি ক্লিনিক এর নামে স্থানীয় ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত স্থানীয় চলতি তহবিলের অর্থ হইতে কমিউনিটি গ্রুপের সিদ্ধান্ত অনুযায়ী কমিউনিটি ক্লিনিকের উন্নয়ন বা মেরামত কার্য নির্বাহের জন্য প্রতি ৩ (তিন) মাসে সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত পরিমাণের অতিরিক্ত অর্থ ব্যয়ের আবশ্যিকতা দেখা দিলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অনুমোদন গ্রহণক্রমে উপ-বিধি (১) এ উল্লিখিত তহবিল হইতে প্রতি ৩ (তিন) মাসে সর্বোচ্চ ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় করা যাইবে।

৬। নগদ অর্থ সংরক্ষণ।—ট্রাস্টের দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট পরিমাণ নগদ অর্থ ব্যবস্থাপনা পরিচালকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সংরক্ষণ করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

লোকমান হোসেন মিয়া

সিনিয়র সচিব।